প্রেস বিজ্ঞপ্তি

০১ নভেম্বর ২০২৩

বাজুসের সাবেক সভাপতি সৈয়দ শামসুল আলম হাসু'র শোকসভায় বক্তারা

# সোনার অলংকার রপ্তানি করতে পারলে ঘুরে দাড়াবে অর্থনীতি

আগামীতে সোনার অলংকার রপ্তানি করতে পারলেই বাংলাদেশের ঘুরে দাঁড়াবে অর্থনীতি বলে মনে করেন জুয়েলারি শিল্প মালিকরা। তারা বলেছেন- বাজুসের সাবেক সভাপতি সদ্য প্রয়াত সৈয়দ শামসুল আলম হাসু স্বপ্ন দেখেছিলেন, বাংলাদেশ থেকে একদিন স্বর্ণালংকার বিদেশে রপ্তানি হবে। আজ সৈয়দ শামসুল আলম হাসু আমাদের মাঝে নাই। কিন্তু তার রেখে যাওয়া স্বপ্ন পূরণ করাটাই এখন আমাদের মূল লক্ষ্য। সেই লক্ষ্য পুরণে কাজ করে যাচ্ছেন বাজুস প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীর।

আজ রাজধানীর বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্সের বাজুস কার্যালয়ে প্রয়াত সৈয়দ শামসুল আলম হাসু স্মরণে আয়োজিত শোকসভায় বক্তারা এ সব কথা বলেন। বাজুসের সহসভাপতি গুলজার আহমেদের সভাপতিত্বে ও বাজুসের উপদেষ্টা রুহুল আমিন রাসেলের সঞ্চালনায় শোকসভায় বক্তব্য দেন- বাজুসের সাবেক সভাপতি এম. এ. ওয়াদুদ খান ও ডা. দিলীপ কুমার রায়, বাজুসের সহসভাপতি এম. এ. হান্নান আজাদ, ডা. দেওয়ান আমিনুল ইসলাম শাহীন, আনোয়ার হোসেন, বাদল চন্দ্র রায় ও মোঃ রিপনুল হাসান। সভায় প্রয়াত সৈয়দ শামসুল আলম হাসু'র কর্মময় জীবন নিয়ে মূল বক্তব্য উপস্থাপন করেন বাজুস কার্যনির্বাহী কমিটির সদস্য মো. মজিবর রহমান খান।

ওই শোক সভায় বক্তারা বলেন- সৈয়দ শামসুল আলম হাসু রাজনৈতিক পরিবারে বড় হওয়ায় কারণে তার মধ্যে নেতৃত্ব দেওয়ার সব গুণাবলী বিদ্যমান ছিল। বাজুসকে প্রাতিষ্ঠানিক রূপদান ও বাজুসের সাংগঠনিক কার্যক্রম জেলা পর্যায়ে বিস্তৃতিতে সৈয়দ শামসুল আলম হাসুর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

বার্তা প্রেরক

**মোঃ তানভীর আহমেদ**

সহকারী মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)